গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১১৬.২০২০/৫৫৫ তারিখ: ৪/৩/২০২০ খ্রি.

**বিষয় :ষষ্ঠ শ্রেণির শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং চারু ও কারুকলা বিষয়ে পরিমার্জিতধারাবাহিক মূল্যায়কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় মাধ্যমিকপর্যায়ে আগামী ০৭.০৩.২০২০ খ্রিঃ তারিখ হতে ষষ্ঠ শ্রেণির শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং চারু ও কারুকলা বিষয়ে বছরব্যাপী ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রমচালু হতে যাচ্ছে। প্রতিটি বিদ্যালয় এই কার্যক্রমের অন্তর্ভুক্ত থাকবে। শিক্ষকবৃন্দের পারস্পরিক সহযোগিতা ও ধারাবাহিক মূল্যায়ন ব্যবস্থার নির্ভরযোগ্যতা নিশ্চিত করার জন্য প্রতিটি জেলা সদর ও উপজেলায় নিকটবর্তী ৫টি বিদ্যালয় নিয়ে ০১ (এক) টি ক্লাস্টার গঠন করতে হবে, যা 'আঞ্চলিক পরিবীক্ষণ ও পরিশোধন প্যানেল'নামে কাজ করবে।প্রতিটি জেলা সদর ও উপজেলায় একাধিক প্যানেল থাকবে। উল্লিখিত দুইটি বিষয়ে ধারাবাহিক মূল্যায়নকার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্যশিক্ষকনির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। শিক্ষকনির্দেশিকাটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা এবং ধারাবাহিক মূল্যায়ন বাতায়নের (cas.konnect.edu.bd) ওয়েবপেইজ হতে ডাউনলোড করা যাবে। এই কার্যক্রমকেসাফল্যমন্ডিত করার জন্য মাঠ পর্যায়ের কর্মকর্তা এবং প্রধান শিক্ষকগণকে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

১. আঞ্চলিক পরিচালকগণের প্রতি নির্দেশনা-

- আঞ্চলিক পরিচালকগণ তাঁদের আওতাধীন জেলার শিক্ষা কর্মকর্তাগণের ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রমের পদক্ষেপসমূহ মনিটরিং করবেন।
- আঞ্চলিক পরিচালকগণ প্রতি ০৩ (তিন) মাস অন্তর জেলা শিক্ষা কর্মকর্তাদের নিয়ে একটি মতবিনিময় সভার আয়োজন করবেন।
- প্রতিমাসে অন্তত একবার ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রম পর্যবেক্ষণ করতে একটি বিদ্যালয়ে পরিদর্শন এবং সংশ্লিষ্ট কর্মকর্তা, প্রধান শিক্ষক ও শ্রেণি শিক্ষকদের সাথে মতবিনিময় করবেন।

২. জেলা শিক্ষা কর্মকর্তাগণের প্রতি নির্দেশনা-

- প্রতিটি জেলা সদর ও উপজেলায় নিকটবর্তী ৫টি বিদ্যালয় নিয়ে ০১ (এক) টি ক্লাস্টার গঠন করবেন। প্রতিটি ক্লাস্টারে ১জন প্রধান শিক্ষক,৫জন বিষয় শিক্ষক এবং ১জন মাঠ পর্যায়ের কর্মকর্তার (উপজেলা একাডেমিক সুপারভাইজার / উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার / সহকারী পরিদর্শক / গবেষণা কর্মকর্তা / ডিস্ট্রিক্ট ট্রেনিং কো-অর্ডিনেটর)সমণ্বয়ে ১টি 'আঞ্চলিক পরিবীক্ষণ ও পরিশোধন প্যানেল' গঠন করবেন। প্রতিটি উপজেলায় একাধিক প্যানেলগঠন করবেন।
- জেলা শিক্ষা কর্মকর্তা অফিস আদেশের মাধ্যমে প্রতিটি জেলা সদর ও উপজেলার জন্য প্রয়োজনীয় সংখ্যক 'আঞ্চলিক পরিবীক্ষণ ও পরিশোধন প্যানেল' গঠন করে সংশ্লিষ্ট বিদ্যালয়কে অবহিত করবেন।
- ০১জন উপজেলা একাডেমিক সুপারভাইজার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/সহকারী পরিদর্শক/গবেষণা কর্মকর্তা/ ডিস্ট্রিক্ট ট্রেনিং কো-অর্ডিনেটরকে একাধিকপ্যানেলের দায়িত্ব দিবেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তাদের ওপর অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করছেন কি না তা মনিটরিং করবেন ('আঞ্চলিক পরিবীক্ষণ এবং পরিশোধন প্যানেল' এর গঠন ও কর্মপরিধি সম্পর্কে 'শিক্ষক নির্দেশিকায়' বিস্তারিত উল্লেখ করা আছে)।

- নির্ধারিত ওয়েব পেইজ থেকে শিক্ষক নির্দেশিকাটি ডাউনলোড ও প্রিন্ট করে সংশ্লিষ্ট সকল কর্মকতাকে প্রদান করবেন।
- প্রতিমাসে অন্তত তিনবার বিদ্যালয়গুলো পরিদর্শন করবেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তা, প্রধান শিক্ষক ও শ্রেণিশিক্ষকগণের সাথে ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রমের বাস্তবায়ন বিষয়ে মতবিনিময় করবেন।
- তাঁর আওতাধীনবিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ এই পত্রের নির্দেশনা এবং শিক্ষক নির্দেশিকা অনুযায়ী যেন কার্যক্রম পরিচালনা করেন তা নিশ্চিত করবেন।

৩. সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের প্রতি নির্দেশনা-

- ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য ষষ্ঠ শ্রেণির ক্লাস রুটিনে শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ে৭০টি এবং চারু ও কারুকলা বিষয়ে৭০টিক্লাস পিরিয়ড বরাদ্দ করবেন (প্রতি পিরিয়ড ৫০ মিনিট)।
- যেহেতু ০৭.০৩.২০২০ খ্রিঃ তারিখ হতে পরিমার্জিতধারাবাহিক মূল্যায়ন কার্যক্রমটি শুরু হচ্ছে তাই প্রধান শিক্ষক বিষয় শিক্ষকগণের সাথে আলোচনা করে দশ (১০) মাসের মধ্যে ৭০টি ক্লাস সমন্বয় করবেন।
- ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য নির্ধারিত ওয়েবপেইজ থেকে শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং চারু ও কারুকলা বিষয়ের শিক্ষক নির্দেশিকা ডাউনলোড ও প্রিন্ট করে সংশ্লিষ্ট শিক্ষককে প্রদান করবেন।
- ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় উপকরণ, যেমন - রেজিস্টার খাতা, পোস্টার পেপার, খেলাধুলার সরঞ্জাম, রং, পেনসিল, কাগজ ইত্যাদি সরবরাহ করবেন (উপকরণ সংগ্রহের ব্যয় সংশ্লিষ্ট বিদ্যালয় কর্তৃপক্ষ নির্বাহ করবে)।
- শ্রেণিশিক্ষকগণ 'শিক্ষক নির্দেশিকায়' সুপারিশকৃত শিখন শেখানো পদ্ধতি ও কৌশল ও মূল্যায়ন নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে রেকর্ড সংরক্ষণ করছেন কি না তা মনিটর করবেন।
- নির্ধারিত সময়ে 'আঞ্চলিক পরিবীক্ষণ এবং পরিশোধন প্যানেলের' সভা আয়োজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং সভায় সভাপতির নির্ধারিত দায়িত্ব পালন করবেন (প্রতি শিক্ষাবর্ষে একটি বিদ্যালয়ে শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং চারু ও কারুকলা বিষয়ে একটি প্যানেল সভা অনুষ্ঠিত হবে, সভার কর্মপরিধি সম্পর্কে বিস্তারিত 'শিক্ষক নির্দেশিকায়'উল্লেখ আছে)।
- ২০২০ শিক্ষাবর্ষে শুধু বার্ষিক পরীক্ষায় শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং চারু ও কারুকলা বিষয়ে সকল ইউনিটের প্রাপ্ত নম্বর/গ্রেডঅন্তর্ভুক্ত করে ষষ্ঠ শ্রেণির প্রত্যেক শিক্ষার্থীর চূড়ান্ত ফলাফল নির্ধারণ করবেন।
- ২০২১ সাল থেকে ষান্মাষিক ও বার্ষিক পরীক্ষায় অন্যান্য বিষয়ের মতো শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং চারু ও কারুকলা বিষয়ে প্রাপ্ত নম্বর/গ্রেড অন্তর্ভুক্ত করে ষষ্ঠ শ্রেণির প্রত্যেক শিক্ষার্থীর চূড়ান্ত ফলাফল নির্ধারণ করবেন।
- বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের এই কার্যক্রমে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে তাদের বিশেষ চাহিদার দিকে লক্ষ্য রেখে প্রয়োজনে শিখন কার্যক্রম পরিমার্জন করবেন।

৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণের প্রতি নির্দেশনা-

- উপজেলা পর্যায়ের ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রম মনিটরিং এর সার্বিক দায়িত্বে থাকবেন সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ।
- সপ্তাহে অন্তত একবার বিদ্যালয়গুলো পরিদর্শন করবেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তা, প্রধান শিক্ষক ও শ্রেণিশিক্ষকগণের সাথে মতবিনিময় করবেন।
- শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং চারু ও কারুকলা বিষয়ের 'আঞ্চলিক পরিবীক্ষণ এবং পরিশোধন প্যানেল' এর বিভিন্ন সভায় অংশগ্রহণ করবেন।

৫. **উপজেলা একাডেমিক সুপারভাইজার/সহকারী পরিদর্শক/ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেটর/গবেষণা কর্মকর্তাগণের প্রতি নির্দেশনা-**

- তাঁর আওতাধীন বিদ্যালয়সমূহে সপ্তাহে ন্যূনতম ০১ বার ভিজিট করবেন।
- 'আঞ্চলিক পরিবীক্ষণ এবং পরিশোধন প্যানেল'এর মিটিং নির্ধারিত তারিখ অনুযায়ী যেন অনুষ্ঠিত হয় তা নিশ্চিত করবেন।
- তাঁর আওতাধীন বিদ্যালয়ের শ্রেণিশিক্ষকগণ শিক্ষক নির্দেশিকা অনুযায়ী শিখন শেখানো পদ্ধতি ও মূল্যায়ন নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে রেকর্ড সংরক্ষণ করছেন কি না তা পরিবীক্ষণ করবেন।
- তাঁর আওতাধীন বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষকগণের প্রতি নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করবেন।
- ধারাবাহিক মূল্যায়ন বাতায়নের (cas.konnect.edu.bd) মাধ্যমেতাঁর আওতাধীন বিদ্যালয়সমূহের ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রম নিয়মিত অনলাইনে মনিটরিং করবেন।
- বিদ্যালয় কর্তৃপক্ষ বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের এই কার্যক্রমে অংশগ্রহণ নিশ্চিত করেছেন কিনা তা পরিবীক্ষণ করবেন।

**যেকোনো অস্পষ্টতা দূর করার জন্য বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর সাথে যোগাযোগ করা যেতেপারে।বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিটের ই-মেইল bedubise@yahoo.comএবং ফোন নং : ০২-৫৮৬১০২৫৫।**

০৪.০৩.২০২০

(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ,
ঢাকা।

**আঞ্চলিক পরিচালক**
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা/খুলনা/ময়মনসিংহ/রংপুর/বরিশাল/সিলেট/কুমিল্লা/চট্টগ্রাম অঞ্চল

অনুলিপি: (তালিকাটি জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক,বাংলাদেশ মাদরাসা শিক্ষা অধিদপ্তর (প্রয়জনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)।
৩. যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ), মাউশি অধিদপ্তর।
৪. পরিচালক (মাধ্যমিক/প্রশিক্ষণ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৫. জেলা প্রশাসক, সকল।
৬. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/কুমিল্লা/বরিশাল/যশোর/দিনাজপুর/রাজশাহী/সিলেট/চট্টগ্রাম/ময়মনসিংহ ও বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ।
৭. পরিচালক (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা।
৮. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/খুলনা/ময়মনসিংহ/রংপুর/বরিশাল/সিলেট/কুমিল্লা/চট্টগ্রাম অঞ্চল।
৯. উপ-পরিচালক (প্রশাসন/ প্রোগ্রাম) সেক্টর প্রোগ্রাম সার্পোট ইউনিট, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১১. জেলা শিক্ষা অফিসার, সকল
১২. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার,সকল।
১৩. প্রধানশিক্ষক.......................................................।
১৪. পিএসটুমহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষাঅধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।
১৫. অফিসকপি।